মৎস্য সম্পদ রক্ষায় প্রাণবৈচিত্রের বিবেচনা

মৎস্য সম্পদ রক্ষায় প্রাণবৈচিত্রের বিবেচনা (EAF)

পৃথিবির সবকিছুই পরস্পর সম্পর্কযুক্ত




হাঙ্গর
ডলফিন
দাঁত ওয়ালা তিমি
অন্যান্য মাছ
প্রবাল
সামুদ্রিক কচ্ছপ
ডাগন্স
বেন্থিক মাছ
ইন্টারব্রেটস
বেন্থিক ইন্টারব্রেটস
ডেট্রিটাস
সামুদ্রিক ঘাস
By Mike Tennakoon
(BOBLME, 2012)

ব্রহ্মপুত্র
গঙ্গা
ইরাবতী
বঙ্গোপসাগর
প্রজনন এলাকা
দূষণ
বাধ
অতিরিক্ত মৎস্য আহরণ
অতিরিক্ত মৎস্য আহরণ
সমুদ্র
ইলিশের জীবন চক্র

পৃথিবির সবকিছুই পরস্পর সম্পর্কযুক্ত

এই পদ্ধতির মূল কথা:

১. মানুষ এবং প্রকৃতির মধ্যে ভারসাম্য রাখে
২. পরিবেশের উপর মৎস্য আহরণের প্রভাবকে বিবেচনা করে
৩. মৎস্যখাতের উপর অন্যান্য কর্মকান্ডের প্রভাবের বিষয়টি বিবেচনা করে
৪. কাজ করার মাধ্যমে শিখে
৫. ক্ষতির সম্ভাবনা থাকলে, সাবধান হও
৬. প্রথাগত জ্ঞানকে গুরুত্ব দেয়
৭. সহ-ব্যবস্থাপনার মতো অংশগ্রহণমূলক পদ্ধতি
৮. বিভিন্ন বিভাগের মধ্যে সমন্বয় করে
৯. উন্নতর ব্যবস্থাপনার জন্য সক্ষমতা উন্নয়ন করে।

১ মানুষ এবং প্রকৃতির মধ্যে ভারসাম্য রাখে



আমাদের পরিবেশকে বাঁচানো মানে আমাদের মানুষ এবং তাদের জীবিকাকে রক্ষা করা। সাময়িক কষ্ট দীর্ঘমেয়াদী সুখ আনতে পারে।

শুধু গরিবই সকল যন্ত্রণা ভোগকরবে না। শক্তিশালী বিভিন্ন গোষ্ঠী এবং খাত পরিবেশের অনেক ক্ষতির কারণ। তাদের কার্যক্রম নিয়ন্ত্রণ করতে হবে।

আমাদেরকে সঠিক ভারসাম্যটি খুঁজে বের করতে হবে।

২ পরিবেশের উপর মৎস্য আহরণের প্রভাবকে বিবেচনা করে

শুধু বড় ট্রলারই নয়, আমরা যেগুলো দিয়ে মাছ ধরি সেগুলোও কিন্তু ধ্বংসাত্মক হতে পারে
আমাদের নিজেদের মধ্যে বিষয়টি ভেবে দেখতে হবে। নিজেরাই যদি ধ্বংসাত্মক পদ্ধতি ব্যবহার করি, তাহলে তো বড় ট্রলারকে আর দোষ দেয়া যায় না।

২ পরিবেশের উপর মৎস্য আহরণের প্রভাবকে বিবেচনা করে

Photo Credit: FAO/APFIC

বিশ্বের উষ্ণায়ণ

আমরাও এই সমস্যার জন্য দায়ী?



৩ পরিবেশের উপর মৎস্য আহরণের প্রভাবকে বিবেচনা করে

এখানে আমরা প্রজন্মান্তরে মাছ ধরে আসছি
কিন্তু এখানে হোটেলের এই নৌকাগুলো এসেছে, এখানে এখন মাছ ধরা নিষেধ। কেউ আমাদেরকে জিজ্ঞেস করারও প্রয়োজন মনে করলো না!
মাছ ধরা নিষেধ
ব্যবসায়ীরাই টাকা কামাচ্ছে
Photo Credit: C. M. Muralidharan

৩ মৎস্যখাতের উপর অন্যান্য কর্মকান্ডের প্রভাবের বিষয়টি বিবেচনা করে

এই জলবায়ু পরিবর্তনটাই বা কী?

কেউ কি জানে আসলেই কি হচ্ছে?

আমার মনে হয় ট্রলারগুলোর অতিরিক্ত মৎস্য আহরণের কারণে আমাদের মাছ কমে যাচ্ছে।

এই বছর কোন মাছ নেই কেন?

এর আগেও একবার এরকম হয়েছিল। ২০ বছর আগে। পরে মাছ আবার ফিরে এসেছিল।

এটাই জলবায়ু পরিবর্তন হতে পারে। মাছ মনে হয় তুলনামূলকভাবে ঠাণ্ডা পানির দিকে চলে গেছে।



৪ কাজ করার মাধ্যমে শিখে (অভিযোজন পদ্ধতি)

চক্রাকার প্রক্রিয়া হিসেবে ব্যবস্থাপনা পরিকল্পনার বিন্যাস



সূত্র: হিন্ডসন, জেমস, ২০০৫
How to manage a fishery: A simple guide to writing a fishery management plan. CEE, MRAF, Scales,DFID,and FSC. London. 86p.

৫ ক্ষতির সম্ভাবনা থাকলে, সাবধান হও (সতর্কতামূলক পদ্ধতি)

আর এটাই হলো অগ্রিম সতর্কতামূলক পদ্ধতি
আপনি যে ছোট মাছগুলো ধরেছেন সেগুলো আমরা সবই দেখেছি। আপনার এই জাল ব্যবহার বন্ধ করা উচিৎ। দুঃখ প্রকাশের আগেই নিরাপদ থাকুন।

৬ প্রথাগত জ্ঞানকে গুরুত্ব দেয়

আপনি জানেন না, আমরা যেসব মাছ ধরি সেগুলো অন্য পাড়ে ডিম পাড়ে। আপনার উচিৎ এই অভয়াশ্রম সেখানে প্রতিষ্ঠা করা।

আমরা এটাকে মৎস্য অভয়াশ্রম এলাকা ঘোষণা করেছি, কারণ এই এলাকাটি মাছের ডিম পাড়ার জন্য উপযুক্ত এলাকা।

তিনি ঠিকই বলেছেন। তিনি অনেক দিন ধরে মাছ ধরেন, তিনি অনেক কিছুই জানেন।
আমাদের মুরব্বীরা ঢেউ, বাতাস আর স্রোত সম্বন্ধে এরকম আরও অনেক কিছুই জানেন।

৭ সহ-ব্যবস্থাপনার মতো অংশগ্রহণমূলক পদ্ধতি

কিছু তথ্য আমাদের কাছে নতুন মনে হচ্ছে
এরকম অনেক বিষয় আছে যেগুলো আমি জেলে আর জেলেনিদের কাছ থেকে শিখেছি।

৮ বিভিন্ন বিভাগের মধ্যে সমন্বয়

সকল কার্যক্রমরে মধ্যে একটা ভারসাম্য আনার জন্য সকল খাতের সঙ্গে আমাদেরকে সংলাপের ব্যবস্থা করতে হবে। এটা করা সহজ নয়, কিন্তু আর কি কোনও উপায় আছে?
চল, নিয়মিত আলোচনার জন্য সিদ্ধান্ত নেই।
এই ধরনের সংলাপে আমাদের অধিকার রক্ষা করতে হবে। এছাড়া কে আমাদের কথা শুনবে? মৎস্য বিভাগকে আমাদের জীবিকা রক্ষা করতে হবে।

৯ উন্নতর ব্যবস্থাপনার জন্য সক্ষমতা উন্নয়ন

কিভাবে একটি ব্যবস্থাপনা পরিকল্পনা করা যায়

সম্প্রদায়ের লোকজন
দ্বারাই ব্যবস্থাপনা হয়
এমন পরিকল্পনা প্রয়োজন।
নারী
সংগঠনগুলোকে
সহায়তা কর
সমবায় গড়ে তোল

আমাদের পৃথিবির সবকিছুই পরস্পর নির্ভরশীল। এটা সবাইকে বুঝতে হবে।

প্রাণ বৈচিত্র রক্ষার জন্য আমাদের সবাই সব সময় চেষ্টা করে আসছি।

প্রকাশনায়

ইন্টারন্যাশনাল কালেকটিভ সাপোর্ট ইন ফিশওয়ার্কার্স (আইসিএসএফ)
২৭ কলেজ রোড
চেন্নাই ৬০০০০৬, ভারত
ফোন: (৯১) ৪৪-২৮২৭৫৩০৩
ফ্যাক্স: (৯১) ২৮২৫৪৪৫৭
ইমেইল: icsf@icsf.net
www.icsf.net

আইসিএসএফ একটি আন্তর্জাতিক সংস্থা, সংস্থাটি বিশ্বব্যাপী জেলেদের বিভিন্ন বিষয় নিয়ে কাজ করে। এটি জাতিসংঘের অর্থনৈতিক ও সামাজিক পরিষদ থেকে বিশেষ স্ট্যাটাসপ্রাপ্ত একটি সংস্থা। সংস্থাটি আইএলও'র- বিশেষ তালিকাভুক্ত একটি এনজিও। এফএও-র সঙ্গেও বিশেষ সম্পর্ক রয়েছে সংস্থাটির। জেলে সম্প্রদায়, শিক্ষক, বিশেষজ্ঞ, গবেষক ও বিজ্ঞানীদের এই নেটওয়ার্ক পরীবিক্ষণ, গবেষণা, তথ্য বিনিময়, প্রশিক্ষণ, প্রচারাভিযান, সক্ষমতা বৃদ্ধি ইত্যাদি কর্ম্মম পরিচালনা করে থাকে।

সহযোগিতায়

বে অব বেঙ্গল লার্জ মেরিন ইকোসিস্টেম প্রজেক্ট (বিওবিএলএমই)
ফুকেট, থাইল্যান্ড

বঙ্গোপসাগরের পরিবেশ ও মৎস্য সম্পদের একটি উন্নতর আঞ্চলিক ব্যবস্থাপনার মাধ্যমে উপকূলীয় এলাকার মানুষের জীবন উন্নয়নের জন্য বাংলাদেশ, ভারত, ইন্দোনেশিয়া, মালয়েশিয়া, মালদ্বীপ, মায়ানমার, শ্রীলংকা এবং থাইল্যান্ড এই বিওবিএলএমই প্রকল্পের মাধ্যমে যৌথভাবে কাজ করছে।

২০১৩

মুদ্রণ
এল এস গ্রাফিকস পয়েন্ট
চেন্নাই ৬০০০০২

অঙ্গবিন্যাস
sandeshcartoonist@gmail.com
ajay.ajay9392@gmail.com

নকশা
জয়েন্ট ফ্যামিলি ডিজাইন
www.jointfamilydesign.com